

শিক্ষার্থীদের মুক্তির দাবি চবির ৫৬ শিক্ষকের

চট্টগ্রাম বৃহত্তর

৩১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



নিরপরাধ শিক্ষার্থীদের গ্রেপ্তারের নিন্দা ও অবিলম্বে মুক্তির দাবি জানিয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ৫৬ শিক্ষক। গতকাল মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এমন দাবি জানান তারা।

বিবৃতিতে উল্লেখ করা হয়, কোটা সংস্কারের যৌক্তিক আন্দোলনকে কেন্দ্র করে দেশে চরম অরাজকতা চলছে। অব্যাহত রয়েছে শিক্ষার্থীদের ওপর বর্বরোচিত হামলা। এখন পর্যন্ত আন্দোলনরত শিক্ষার্থীসহ শিশু থেকে বৃদ্ধ পর্যন্ত ২০০ জনের অধিক নাগরিককে হত্যা করা হয়েছে বলে বিভিন্ন সংবাদমাধ্যমে বলা হচ্ছে। পাশাপাশি বর্তমানে আন্দোলন দমানোর লক্ষ্যে দমন-পীড়নমূলক হয়রানি,

মামলা ও গণগ্রেপ্তার জারি রয়েছে। দমন-পীড়নের এই ধারাবাহিকতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অন্তত তিনজন ছাত্রকে আটক করা হয়েছে বলে আমরা বিভিন্ন সূত্রে জানতে পেরেছি। এদের ছাড়াও আরও কিছু শিক্ষার্থীর খোঁজ পাওয়া যাচ্ছে না বলে বিভিন্ন সূত্র থেকে দাবি করা হচ্ছে। এসব ঘটনা অন্যন্য অযৌক্তিক ও উদ্দেগজনক।

বিবৃতিতে শিক্ষকরা বলেন, আমরা বিশ্বাস করি চলমান আন্দোলনে আমাদের এই ছাত্ররা যদি অংশগ্রহণ করেও থাকেন, তা তাদের গণতান্ত্রিক অধিকারের অংশ হিসেবেই করেছেন। তারা কোনোভাবেই সহিংসতার সঙ্গে জড়িত নন। এ পরিপ্রেক্ষিতে শিক্ষক হিসেবে আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি। সব রকম পুলিশি হয়রানির নিন্দা জানাচ্ছি এবং তাদের নিঃশর্ত মুক্তি দাবি করছি।